বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
'কৃষি ভবন'
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা
হিসাব বিভাগ
www.badc.gov.bd

মুজিববর্ষে বিএডিসি
কৃষির সেবায় দিবানিশি

স্মারক নং- ১২.০৬.০০০০.২৩২.৪৪.০০১.১৯- ২৪ তারিখঃ ১৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ

বিষয়ঃ বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটির সফটওয়ার কার্যক্রমের অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ।

'বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি'র সফটওয়ার কার্যক্রমের অগ্রগতি বিষয়ক একটি পর্যালোচনা সভা গত ০৮ সেপ্টেমর, ২০২১ খ্রিঃ, বুধবার, বিকাল ২:৩০ ঘটিকায় সংস্থার সম্মেলন কক্ষে (১০ম তলা) অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এতদসঙ্গে প্রেরণ করা হলো। কার্যবিবরনী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

(রিয়াজ উদ্দিন)
উপহিসাব নিয়ন্ত্রক (সদর)
ও
সদস্য সচিব
বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা এবং আহবায়ক, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০২. হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা।
০৩. যুগ্মপরিচালক, সংস্থাপন বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৪. ব্যবস্থপক (কর্মসূচি), মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর,বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৫. যুগ্মহিসাব নিয়ন্ত্রক (সদর) বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৬. ব্যবস্থাপক (সমন্বয় ও প্রশাসন),অর্থ বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৭. ব্যবস্থাপক (ক্রয়- ১), ক্রয় বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৮. ব্যবস্থাপক (বিক্রয়), সার ব্যবস্থাপনা বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
০৯. যুগ্মনিয়ন্ত্রক (অডিট- ২), বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
১০. যুগ্মপরিচালক (সাঃ পঃ), বিএডিসি, ঢাকা।
১১. উপপ্রধান (কম্পিউটার প্রোগ্রামার), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
১২. সহকারী প্রকৌশলী- ২, ক্ষুদ্রসেচ বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।
১৩. উপহিসাব নিয়ন্ত্রক (সদর), হিসাব বিভাগ, বিএডিসি, ঢাকা এবং সদস্য সচিব, বিএডিসি সমন্বিত সফটওয়ার বাস্তবায়ন কমিটি।

'সিনটেক সলিউশন' এর প্রতিনিধিবৃন্দঃ

০১. জনাব রাশেদ আহমেদ, প্রজেক্ট ম্যানেজার, সিনটেক সলিউশন লিমিটেড।
০২. জনাব সালমান হোসেন, এসিসট্যান্ট প্রজেক্ট ম্যানেজার, সিনটেক সলিউশন লিমিটেড।
০৩. জনাব আহমেদ সুকার্ণ ফারাব্বী, এসিসট্যান্ট ম্যানেজার (একাউন্টস), সিনটেক সলিউশন লিমিটেড।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
'কৃষি ভবন'
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা
হিসাব বিভাগ
www.badc.gov.bd

মুজিববর্ষে বিএডিসি
কৃষির সেবায় দিবানিশি

## বিএডিসি সমন্বিত সফটওয়্যার বাস্তবায়ন কমিটির সফটওয়্যার কার্যক্রমের অগ্রগতি বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ আঃ ছাত্তার গাজী, প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা ও আহবায়ক, বিএডিসি সমন্বিত সফটওয়্যার বাস্তবায়ন কমিটি।
স্থান : সম্মেলন কক্ষ (১০ম তলা), কৃষি ভবন, বিএডিসি, ঢাকা।
তারিখ ও সময় : ০৮ সেপ্টেম্বর, ২০২১ খ্রিঃ, বুধবার, বিকাল ২:৩০ ঘটিকা।
উপস্থিতিঃ : তালিকা (সংযুক্ত)।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় 'বিএডিসি সমন্বিত সফটওয়্যার বাস্তবায়ন কমিটি'র সদস্যবৃন্দ এবং সফটওয়্যারটি বাস্তবায়নের জন্য কার্যাদেশপ্রাপ্ত সফটওয়্যার কোম্পনী 'সিনটেক সলিউশন' এর পক্ষ থেকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সফটওয়্যার কার্যক্রমের নিম্নবর্ণিত অগ্রগতি তুলে ধরেনঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বিএডিসি সমন্বিত সফটওয়্যার এর অন্তর্ভুক্ত ২৩টি মডিউলের অগ্রগতি সংক্রান্ত। | ১.১. সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে করোনাজনিত স্বাস্থ্যবিধি মেনে আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করেন এবং সভা শুরু করার জন্য কমিটির সদস্য সচিবকে অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় উপস্থিত সকলকে আলোচনার জন্য আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।<br><br>১.২. সফটওয়্যার কোম্পানীর প্রতিনিধি কর্তৃক সভায় জানানো হয় যে, পূর্ববর্তী সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে পর্যালোচনা সভা করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগগুলোর যে সকল পর্যবেক্ষণসমূহ সফটওয়্যারটির মৌলিক কাঠামোর সাথে সম্পর্কযুক্ত সেগুলো 2nd phase এ করা হবে। কিন্তু যে সকল পর্যবেক্ষণগুলো সফটওয়্যারটির মৌলিক কাঠামোর সাথে সম্পর্কযুক্ত নয় সেগুলোর অধিকাংশ করা হয়েছে। যেমন: HR মডিউল এর 'পোস্টিং হিস্টোরি' নামক একটি রিপোর্ট সংযোজন করা হয়েছে, সফটওয়্যারটি ওপেন করলে সরাসরি ইংরেজির পরিবর্তে বাংলা আসার সুবিধা সংযোজন করা হয়েছে এবং বিভিন্ন প্রতিবেদনের ছকে সকল সংখ্যাগুলোর Right Align ও শিরোনামের লেখাগুলোর Centre Align ইত্যাদি করা হয়েছে। অবশিষ্টগুলোও শীঘ্রই শেষ হয়ে যাবে।<br><br>তাছাড়াও তারা আরও জানান যে, প্রতিটি মডিউল ব্যবহার উপযোগী রয়েছে। তাই মডিউলগুলো ব্যবহার করার জন্য তারা সভাকে অনুরোধ করেন। ব্যবহারকালে কোনো ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা 2nd phase এ সংশোধন করে দিবেন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>১.৩. কমিটির সদস্য ও উপপ্রধান (কম্পিউটার প্রোগ্রামার), মনিটরিং বিভাগ জনাব মোঃ জান্নাতুল মিয়া সভাকে জানান যে, ২৩টি মডিউলের মধ্য হতে কয়েকটি মডিউলে রিয়েল ডাটা এন্ট্রি দিয়ে Test করে দেখা প্রয়োজন যে, যথাযথভাবে রিপোর্ট জেনারেট হয় কিনা এবং বিজনেস ঠিক আছে কিনা। | ১. আগামী ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে বীজ ও উদ্যান উইং এর সকল মডিউল পর্যালোচনা শেষ করতে হবে। সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ পর্যালোচনা অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>২. অত্র সভায় যে সকল পর্যবেক্ষণগুলো দেওয়া হয়েছে তার মধ্যে যেগুলো সফটওয়্যারটির মৌলিক কাঠামো পরিবর্তনের সাথে সম্পর্কযুক্ত নয় সেগুলো দ্রুততার সহিত সমাধান করে দিতে হবে।<br><br>৩. Syntech Solution চুক্তির দ্বিতীয় পর্বের শুরুতেই Human Resource Management Module এর 'পোস্টিং হিস্টোরি' এর প্রয়োজনীয় সংশোধনীর অব্যবহিত পরে Irrigation Management Module এ ক্ষুদ্রসেচ বিভাগের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ১.৪. ক্ষুদ্রসেচ বিভাগের সহকারী প্রকৌশলী জনাব এস. এম. আতাই রাব্বি সভাকে জানান যে, তাদের মডিউলগুলোর সাথে পেমেন্ট সিস্টেম যুক্ত করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সফটওয়্যার কোম্পানী কর্তৃক জানানো হয় যে, পেমেন্ট সিস্টেম যুক্ত করা আছে। এখন বিএডিসি কর্তৃপক্ষ কোন প্রক্রিয়ায় যুক্ত হবে সেটা সিদ্ধান্ত প্রয়োজন। সিদ্ধান্ত হলেই আমরা লাইভে Active করে দিবো।<br>তিনি আরো বলেন যে, সফটওয়্যারে কোনো কিছু আপলোড, ডাউনলোড, সাবমিট বা সেভ ইত্যাদি বাটনে ক্লিক করলে চলমান ম্যাসেজ দেখানো প্রয়োজন। পাশাপাশি উক্ত কাজগুলো সমাপ্ত হলেও সমাপ্তির একটি ম্যাসেজ দেখালে ভালো হয়। তৎপ্রেক্ষিতে সফটওয়্যার কোম্পানী পক্ষ থেকে বলা হয় যে, উক্ত পর্যবেক্ষণগুলো 2nd phase করে দেওয়া হবে।<br><br>১.৫. কমিটির সদস্য ও ব্যবস্থপক (কর্মসূচি), মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর জনাব ফখরুল হাসান প্রধান সভাকে জানান যে, বীজ ও উদ্যান উইং এর মডিউলগুলোতে কোনো রিপোর্ট সার্চ দিয়ে কিছু না পেলে সার্চ শেষ হয়েছে এবং কিছু খুঁজে পাওয়া যায়নি এমন একটি SMS পেলে ভালো হয়। শ্রমিক সংখ্যা জেন্ডারভিত্তিক এবং দিনভিত্তিক হওয়া প্রয়োজন। পাশাপাশি তিনি আরও বলেন যে, বীজের সকল মডিউল এখনও দেখা শেষ হয়নি। তাই আরও কিছুদিন প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সফটওয়্যার কোম্পানী পক্ষ থেকে বলা হয় যে, উক্ত পর্যবেক্ষণগুলো 2nd phase করে দেওয়া হবে।<br><br>১.৬. কমিটির সদস্য সচিব ও উপহিসাব নিয়ন্ত্রক (সদর), হিসাব বিভাগ জনাব রিয়াজ উদ্দিন সভাকে জানান যে, সফটওয়্যারটির সকল মডিউলে এবং সকল ক্ষেত্রেই ডেট ফরম্যাট Day/Month/Year হওয়া প্রয়োজন। তৎপ্রেক্ষিতে সফটওয়্যার কোম্পানী পক্ষ থেকে বলা হয় যে, উক্ত পর্যবেক্ষণটি 2nd phase এ করে দেওয়া হবে। | ৪. পরবর্তী সভায় দ্বৈবচয়নের ভিত্তিতে ৩-৫টি মডিউলের Testing কার্যক্রম পরিচালনা করা হবে। তাই সকল মডিউলের এন্ট্রিযোগ্য সব ধরণের রিয়েল ডাটা নিয়ে সফটওয়্যার প্রতিষ্ঠানের প্রতিনিধিদেরকে সভায় উপস্থিত হতে হবে। | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.০২.২৩

(মোঃ আঃ ছাত্তার গাজী)
প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা।
ও
আহ্বায়ক, বিএডিসি সমন্বিত সফটওয়্যারবাস্তবায়ন কমিটি।